# খুলনা সিটি কর্পোরেশন

খুলনা।

**ক্রীড়া ও সংস্কৃতি স্থায়ী কমিটির ১ম সভার কার্যবিবরনী ঃ**

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | ঃ | ০৮/০২/২০২৪ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বেলা- ১১.০০টা। |
| সভার স্থান | ঃ | জি আই জেড সভা কক্ষ। |
| সভাপতি | ঃ | জনাব শেখ মিস্টার খালিদ আহমেদ, ওয়ার্ড নং- ০৭, খুলনা সিটি কর্পোরেশন। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দ (স্বাক্ষর অনুসারে)।

১। জনাব শেখ মোহাম্মাদ আলী, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-০৫, কেসিসি। সদস্য।
২। জনাব মোঃ সাহিদুর রহমান, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-০৮, কেসিসি। সদস্য।

সভায় উপস্থিত কর্মকর্তা।

১। জনাব এসকেএম তাছাদুজ্জামান, শিক্ষা ও সাংস্কৃতিক অফিসার, খুলনা সিটি কর্পোরেশন।
২। জনাব মোঃ ইকবাল আহমেদ স্বপন, অফিস সহকারী, শিক্ষা ও সাংস্কৃতিক শাখা, খুলনা সিটি কর্পোরেশন

সভার শুরুতে শিক্ষা ও সংস্কৃতি শাখার পক্ষ হতে নবগঠিত ক্রীড়া ও সংস্কৃতি স্থায়ী কমিটির সকল সদস্যকে ফুল দ্বারা শুভেচ্ছা জানানো হয়। সভাপতি সাহেব সকলের সাথে সালাম ও শুভেচ্ছা বিনিময় করে সভার কাজ শুরু করার জন্য শিক্ষা ও সংস্কৃতি অফিসার জনাব মোঃ এসকেএম তাছাদুজ্জামানকে অনুরোধ করেন। শিক্ষা ও সংস্কৃতি অফিসার সভার আলোচ্যসূচী গুলি পাঠ করার আগে সভায় উপস্থিত ক্রীড়া ও সংস্কৃতি স্থায়ী কমিটির সদস্য ০৮ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মো সাহিদুর রহমান গত ০৪/০২/২০২৪ খ্রিঃ তারিখ **২১ ফেব্রুয়ারি "শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪" যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে** খুলনা সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা(যুগ্মসচিব) জনাব লস্কার তাজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার (গ) নং সূচীতে গ্রহীত সিদ্ধান্তের বিষয়ে দৃষ্টি আকর্ষন করে বলেন যেহেতু শিশুদের মাঝে চিত্রাঙ্কন, রচনা প্রতিযোগিতা, আলোচনা সভা ও পুরস্কার বিতরণী সম্পর্কে প্রধান নির্বাহী কর্মকর্তার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সিদ্ধান্ত হয়েছে সেহেতু এ বিষয়ে ক্রীড়া ও সংস্কৃতি স্থায়ী কমিটির আর সভা করার দরকার আছে কিনা ? সভায় উপস্থিত ক্রীড়া ও সংস্কৃতি স্থায়ী কমিটির সভাপতি ও সকল সদস্য উক্ত সিদ্ধান্তের বিষয়ে প্রতিবাদ করেন এবং ভবিষ্যতে এ জাতীয় বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা থেকে কর্তৃপক্ষকে বিরত থাকতে অনুরোধ জানান। অতপর: সভাপতির অনুরোধক্রমে শিক্ষা ও সংস্কৃতি অফিসার সভার আলোচ্যসূচী গুলি পাঠ করে শুনান।

**আলোচ্য সূচী- ০১ ঃ আগামী ২১ ফেব্রুয়ারি "শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪" যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে শিশুদের মাঝে চিত্রাঙ্কন, রচনা প্রতিযোগিতা, আলোচনা সভা ও পুরস্কার বিতরণী সম্পর্কে আলোচনা ও সুপারিশ।**

**আলোচনা ও সুপারিশ ঃ**- বিষয়টি নিয়া সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে আগামী ২১ ফেব্রুয়ারি "শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪" যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে খুলনা সিটি কর্পোরেশনের পক্ষ হতে নগর ভবনের নিচে আগামী ২১/০২/২০২৪ খ্রিঃ বুধবার সকাল ৯.০০ ঘটিকায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে মাল্যদান পূর্বক ০৩ টি বিভাগে ভাগ করে **প্লে শ্রেণী - নার্সারী শ্রেণী "ক" বিভাগ, ১ম শ্রেনী ও ২য় শ্রেনী "খ" বিভাগ, ৩য় শ্রেণী - ৫ম শ্রেণী "গ" বিভাগ** শিশুদের মাঝে চিত্রাঙ্কন এবং **৬ষ্ঠ - ৮ম শ্রেণী "ঘ" বিভাগ ও ৯ম ও ১০ম শ্রেণী "ঙ" বিভাগ** শিক্ষার্থীদের মধ্যে রচনা প্রতিযোগিতা আয়োজনসহ উপস্থিত সকল প্রতিযোগিকে সৌজন্য পুরস্কার হিসাবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী, ছোটদের মুক্তিযুদ্ধ বিষয়ক অথবা অমর একুশে ফেব্রুয়ারীর উপর ভিত্তি করে লিখিত বই উপহার দেওয়ার বিষয়ে সুপারিশ করা হয়। অনুষ্ঠানটি সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য জনাব শেখ মিস্টার খালিদ আহমেদ, ওয়ার্ড নং- ০৭, খুলনা সিটি কর্পোরেশন কমিটির সকল সদস্যদের সার্বিক সহযোগিতা কামনা করেন।

উক্ত চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতা, আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে **জনাব আলহাজ্ব তালুকদার আব্দুল খালেক**, মাননীয় মেয়র, খুলনা সিটি কর্পোরশন প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন যথাক্রমে জনাব এস এম রফিউদ্দিন আহম্মেদ, সম্মানিত প্যানেল মেয়র সদস্য, জনাব এস এম খুরশিদ আহমেদ টৌনা, সম্মানিত প্যানেল মেয়র সদস্য, এবং জনাব মেমরী সুফিয়া রহমান শুনু, সম্মানিত প্যানেল মেয়র সদস্য, খুলনা সিটি কর্পোরেশনসহ সকল সম্মানিত কাউন্সিলরগন। অনুষ্ঠানটির সভাপতিত্ব করবেন জনাব শেখ মিস্টার খালিদ আহমেদ, ওয়ার্ড নং- ০৭, খুলনা সিটি কর্পোরেশন ।

উক্ত অনুষ্ঠানটির সার্বিক যাতায়াত ও যোগাযোগের জন্য গাড়ীর ব্যবস্থা করার জন্য নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) এবং প্রাথমিক চিকিৎসা সেবা দেয়ার জন্য একটি চিকিৎসক দল পাঠানোর জন্য প্রধান স্বাস্থ্য কর্মকর্তা কে অনুরোধ করা হয়।

চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতার বিচারকার্য সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য খুলনা সিটি কর্পোরেশন হতে নির্বাহী ম্যাজিস্ট্রেট এবং খুলনা কলেজিয়েট গার্লস স্কুল, খুলনা আর্ট স্কুল ও ইসলামাবাদ কলেজিয়েট স্কুল থেকে ০১(এক) জন করে এবং রচনা প্রতিযোগিতার জন্য খুলনা সিটি কর্পোরেশন হতে সচিব এবং খুলনা কলেজিয়েট গার্লস স্কুল, খালিশপুর কলেজিয়েট গার্লস স্কুল ও ইসলামাবাদ কলেজিয়েট স্কুল থেকে ০১(এক) জন করে মোট ০৮(চার) জন বিচারকের নাম চূড়ান্ত করে তাদের উপস্থিতির ব্যবস্থাসহ অনুষ্ঠানের সার্বিক নিরাপত্তার জন্য কেএমপি পুলিশ কমিশনার বরাবর পত্র দেওয়ার জন্য শিক্ষা ও সাংস্কৃতিক অফিসারকে অনুরোধ জানানো হয়।

আগামী ২১/০২/২০২৩ খ্রিঃ তারিখ "শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪" যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতা, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে পুস্পস্তবক অর্পণ, আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানসহ খুলনা সিটি কর্পোরেশনের গৃহীত সকল কর্মসূচী সম্পর্কে সকলকে অবহিত করার জন্য ০১(এক)টি স্থানীয় দৈনিক পত্রিকায়(দৈনিক পূর্বাঞ্চল) ০১ দিনের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা এবং দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ খরচ খুলনা সিটি কর্পোরেশনের নিজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।

চিত্রাঙ্কন প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতা, আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানটি সুষ্ঠ ও সুন্দরভাবে পরিচালনা ও সম্পন্ন করার জন্য নিম্নলিখিত ভাবে উপ-কমিটি গঠন করা হয়।

**অনুষ্ঠান পরিচালনা ও ক্রয় উপ-কমিটি ঃ**

| | | |
|---|---|---|
| ১ | জনাব শেখ মিস্টার খালিদ আহমেদ, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-০৭, খুলনা সিটি কর্পোরেশন | আহবায়ক |
| ২ | জনাব শেখ মোঃ গাউসুল আজম, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২০, খুলনা সিটি কর্পোরেশন | সদস্য। |
| ৩ | জনাব মোঃ সাহিদুর রহমান, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-০৮, খুলনা সিটি কর্পোরেশন | সদস্য। |
| ৪ | জনাব সানজিদা বেগম, সচিব(সিনিয়র সহকারী সচিব), খুলনা সিটি কর্পোরেশন। | সদস্য। |
| ৫ | জনাব জান্নাতুল আফরোজ স্বর্ণা, নির্বাহী ম্যাজিস্ট্রেট, খুলনা সিটি কর্পোরেশন। | সদস্য। |
| ৬ | জনাব মুহম্মদ ইমরান হোসেন, সহঃ হিসাব রক্ষন কর্মকর্তা(অডিট), খুলনা সিটি কর্পোরেশন। | সদস্য। |
| ৭। | জনাব মোঃ মনিরুজ্জামান রহিম, লাইসেন্স অফিসার, খুলনা সিটি কর্পোরেশন। | সদস্য। |
| ৮। | জনাব এসকেএম তাছাদুজ্জামান, শিক্ষা ও সাংস্কৃতিক অফিসার, খুলনা সিটি কর্পোরেশন। | সদস্য-সচিব। |

**আপ্যায়ণ প্রস্তুত ও বন্টন উপ-কমিটি ঃ**

| | | |
|---|---|---|
| ১ | জনাব শেখ মোহাম্মাদ আলী, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-০৫, খুলনা সিটি কর্পোরেশন | আহবায়ক |
| ২ | জনাব জান্নাতুল আফরোজ স্বর্ণা, নির্বাহী ম্যাজিস্ট্রেট, খুলনা সিটি কর্পোরেশন। | সদস্য |
| ৩ | জনাব আবির-উল-জব্বার, চীফ প্লানিং অফিসার ও প্রশাসনিক কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন। | সদস্য |
| ৪ | জনাব এসকেএম তাছাদুজ্জামান, শিক্ষা ও সাংস্কৃতিক অফিসার, খুলনা সিটি কর্পোরেশন। | সদস্য |
| ৫ | জনাব মোঃ আব্দুর রাকিব, সহকারী কনঃ অফিসার, খুলনা সিটি কর্পোরেশন | সদস্য |
| ৬ | জনাব মোঃ নাইমুজ্জামান, নিম্নমান সহকারী, খুলনা সিটি কর্পোরেশন | সদস্য |
| ৭ | জনাব মোঃ মনির হোসেন, অফিস সহকারী, সাধারন শাখা, খুলনা সিটি কর্পোরেশন | সদস্য |
| ৮ | জনাব শেখ নুরুল আমিন, উচ্চমান সহকারী(রেকর্ড), খুলনা সিটি কর্পোরেশন | সদস্য-সচিব |

**প্রামান্য চিত্র প্রদর্শনী উপ-কমিটি ঃ**

| | | |
|---|---|---|
| ১ | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ), খুলনা সিটি কর্পোরেশন। | আহবায়ক |
| ২ | জনাব শেখ হাসান হাসিবুল হক, আই টি ম্যানেজার, খুলনা সিটি কর্পোরেশন। | সদস্য |
| ৩ | জনাব মোঃ মনিরুজ্জামান রহিম, লাইসেন্স অফিসার, খুলনা সিটি কর্পোরেশন। | সদস্য |
| ৪ | জনাব মোঃ জাকির আহমেদ, আই টি সহকারী, খুলনা সিটি কর্পোরেশন। | সদস্য |
| ৫ | জনাব শেখ তরিকুল আলম, আই টি সহকারী, খুলনা সিটি কর্পোরেশন। | সদস্য সচিব |

**চিত্রাঙ্কন প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতা, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ, আলোচনা সভা ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠানটি সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা ও সম্পন্ন করার জন্য নিম্নলিখিত ভাবে ব্যয় অনুমোদনেরও সুপারিশ করা হয়।**

| ক্রঃ | বিবরন | | টাকা | উৎসকর | ভ্যাট |
|---|---|---|---|---|---|
| ১ | পুরষ্কার ক্রয় (৭.৫% ভ্যাট) চিত্রাঙ্কন প্রতিযোগিতার জন্য | ক বিভাগ (১ম ২,৩০০/- ২য় ১,৮০০/- ৩য় ১,৪০০/-টাকা) | ৫,৫০০/- | - | ৪১২/- |
| | | খ বিভাগ (১ম ২,৩০০/- ২য় ১,৮০০/- ৩য় ১,৪০০/-টাকা) | ৫,৫০০/- | - | ৪১২/- |
| | | গ বিভাগ (১ম ২,৩০০/- ২য় ১,৮০০/- ৩য় ১,৪০০/-টাকা) | ৫,৫০০/- | - | ৪১২/- |
| | পুরষ্কার ক্রয় (৭.৫% ভ্যাট) রচনা প্রতিযোগিতার জন্য | ঘ বিভাগ (১ম ২,৩০০/- ২য় ১,৮০০/- ৩য় ১,৪০০/-টাকা) | ৫,৫০০/- | - | ৪১২/- |
| | | ঙ বিভাগ (১ম ২,৩০০/- ২য় ১,৮০০/- ৩য় ১,৪০০/-টাকা) | ৫,৫০০/- | - | ৪১২/- |
| ২ | আপ্যায়ন (৫% ভ্যাট) | ১৫০০ প্যাকেট × ৮৫/- টাকা (কমলা+ডিম+পানি+বনরুটি+মিষ্টি+সিঙ্গাড়া+প্যাকেট) | ১,২৭,৫০০/- | - | ৬৩৭৫/- |
| ৩ | সৌজন্য পুরস্কার (৭.৫%ভ্যাট) | ৮০০ জন × ১২০/-টাকা (অংশ গ্রহনকারী সকল প্রতিযোগি) | ৯৬,০০০/- | - | ৭,২০০/- |
| ৪ | অতিথি ও বিচারকদের আপ্যায়ণ (৫% ভ্যাট) | | ৫,০০০/- | - | ২৫০/- |
| ৫ | সাউন্ড সিস্টেম (১৫% ভ্যাট) | ০২ পেয়ার | ৫,০০০/- | - | ৭৫০/- |
| ৬ | দাওয়াত পত্র ও খাম (১০% ভ্যাট) | ২০০ পিচ | ৭,০০০/- | - | ৭০০/- |
| ৭ | ব্যানার (১০% ভ্যাট) | ০৩টি | ৬,০০০/- | - | ৬০০/- |
| ৮ | রেকর্ডিংসহ মাইকিং (১৫% ভ্যাট) | ০২দিন (ইজিবাইক সহকারে) | ৫,০০০/- | - | ৭৫০/- |
| ৯ | ছোট পানি, টিস্যু ও পানির ক্যান (৭.৫%) | | ২,০০০/- | - | ১৫০/- |
| ১০ | অংশগ্রহনকারী শিশুদের ম্যাঙ্গোবার (৭.৫% ভ্যাট) | (৮০০ × ৮/-টাকা) | ৬,৪০০/- | - | ৪৮০/- |
| ১১ | যাতায়াত (চিঠি প্রেরণ) (৭.৫% ভ্যাট) | | ৩,০০০/- | - | ২২৫/- |
| ১২ | ডেকোরেশন (১৫% ভ্যাট) | (ম্যাট, ফরাস, গালিচা, চেয়ার, ষ্টেজ, ব্যাকস্কিন) | ১৬,০০০/- | - | ২,৪০০/- |
| ১৩ | বিচারকদের সম্মানী (উৎস কর ১০%) | ৮ জন × ১,৫০০/- টাকা | ১২,০০০/- | ১,২০০/- | - |
| ১৪ | গেট (১৫% ভ্যাট) | ০১ টি | ৬,০০০/- | - | ৯০০/- |
| ১৫ | কার্টিজ পেপার ও রচনার কাগজ(৭.৫% ভ্যাট) | ৮০০ পিচ + ০১ রিম | ৮,০০০/- | - | ৬০০/- |
| ১৬ | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে পুষ্পস্তবক অর্পন (৭.৫% ভ্যাট) | ৩ টি কার্পেটিং মালা ও ০১ টি গাঁদা ফুলের রিং মালা (বড়) | ১০,০০০/- | - | ৭৫০/- |
| ১৭ | সার্টিফিকেট তৈরি, লেখা ও খাম (৭.৫% ভ্যাট) | | ৫,০০০/- | - | ৩৭৫/- |
| ১৮ | ফটোগ্রাফার (১৫% ভ্যাট) | ইলেক্ট্রোনিক্স ও প্রিন্ট মিডিয়া | ৪,০০০/- | - | ৬০০/- |
| ১৯ | প্রামান্য চিত্র প্রদর্শনী (১৫% ভ্যাট) | মুক্তিযুদ্ধ ভিত্তিক | ৩,০০০/- | - | ৪৫০/- |
| ২০ | ষ্ট্যান্ড ফ্যান (১৫% ভ্যাট) | ০৮ টি | ৩,২০০/- | - | ৪৮০/- |
| ২১ | বিবিধ (৭.৫% ভ্যাট) | | ৩,০০০/- | - | ২২৫/- |
| | | মোট – | ৩,৬০,৬০০/- | ১,২০০/- | ২৬,৩২০/- |

উল্লিখিত সর্বমোট (৩,৬০,৬০০/- + ১২০০/- + ২৬,৩২০/-)= ৩,৮৮,১২০/-(তিন লক্ষ অষ্টাশি হাজার একশত কুড়ি) টাকার মধ্য হতে ভ্যাট বাবদ ২৬,৩২০/-(ছাব্বিশ হাজার তিনশত কুড়ি) টাকা এবং উৎস কর বাবদ ১,২০০/-(এক হাজার দুইশত) টাকা মোট (২৬,৩২০/- + ১,২০০/-)= ২৭,৫২০/-(সাতাশ হাজার পাঁচশত কুড়ি) টাকা বিধি মোতাবেক সরকারী কোষাগারে জমা প্রদান পূর্বক ৩,৬০,৬০০/- (তিন লক্ষ ষাট হাজার ছয়শত) টাকা শিক্ষা ও সাংস্কৃতিক অফিসার জনাব এস কে এম তাছাদুজ্জামানকে ভাউচার সমন্বয় সাপেক্ষে অগ্রিম প্রদান এবং আগামী সাধারণ সভায় অনুমোদন করার বিষয়ে সুপারিশ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৪.০২.২৪

শেখ মিষ্টার খালিদ আহমেদ
সভাপতি
ক্রীড়া ও সাংস্কৃতিক স্থায়ী কমিটি ও
সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং- ০৭
খুলনা সিটি কর্পোরেশন।